দর্শনা আন্তর্জাতিক মানবাধিকার উপলক্ষে মানববন্ধন

আওয়ামীলীগের সভাপতি ও ফ্যাসিস্ট সরকারের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দসহ সাধারণ মানুষের গুম খুন বিচার বহির্ভূত হত্যা বিচারের দাবিতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে ।

আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে আজ মঙ্গলবার বেলা পৌনে ১২ টার দিকে দর্শনা সরকারি কলেজ শহীদ মিনারের সামনের সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক জাকির হোসেন, দর্শনা থানা ছাত্রদলের সদস্য সচিব ফরহাদ হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, যুগ্ম আহ্বায়ক আসিফ হাসান, যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদ, ১ নং সদস্য হাসান আলী, দর্শনা পৌর ছাত্রদল নেতা শেখর শাওন ও আরিফ হোসেন, ডিপার্টমেন্ট নেতৃবৃন্দ অমিন হাসান, মুস্তাফিজুর রহমান সাইফ, ইমন, লিখন, আবিদ, সজীব, মেহেদী হাসান সহ সাধারণ শিক্ষার্থীবৃন্দ।

৪ দফা দাবীতে ঝিনাইদহে ম্যাটস শিক্ষার্থীদের মানববন্ধন

১০ম গ্রেডে শুন্যপদে নিয়োগ, নতুন পদ সৃজন, আন্তর্জাতিক মানদন্ড ও বিএমএন্ডডিসি স্বীকৃত ক্লিনিক্যাল বিষয়ে উচ্চশিক্ষাসহ ৪ দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছেন ঝিনাইদহ ম্যাটস’র শিক্ষার্থীরা।

আজ সোমবার (৯ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে

সাধারণ ম্যাটস শিক্ষার্থী ঐক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচী পালন করা হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে ঝিনাইদহ ম্যাটস ও তোফাজ্জেল হোসেন ম্যাটস’র শিক্ষার্থীরা অংশ নেয়। সেসময় সংগঠনটির কেন্দ্রীয় সমন্বয়ক শাহরিয়ার পরশ, ঝিনাইদহ ম্যাটস’র শিক্ষার্থী নাজমুল হাসান, মঈন উদ্দিন, আদিত্য কর্মকার, মিলি, সাগর পালসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, সতন্ত্র মেডিকেল এডুকেশন বোর্ড, অসংগতিপুর্ণ কোর্স কারিকুলাম সংশোধন, ১ বছরের ভাতাসহ ৪ দফা দাবী বাস্তবায়নের দাবী জানান।

ঝিনাইদহে ক্যাবের আয়োজনে প্রতিবাদ, মানববন্ধন ও র্যালী

দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারসাজিতে আলু পেঁয়াজসহ নিত্যপণ্যের অস্বাভাবিক মুল্যবৃদ্ধি ও আইনে নিষিদ্ধ খোলা বাজারে ভোজ্য তেল বিক্রির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

কর্মসূচীতে ক্যাবের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সদস্য এন এম শাহজালাল, কৃষিবিদ আহম্মেদ হোসেন, আব্দুল মজিদ, সাংবাদিক ও আইনজীবী আলাউদ্দিন আজাদ, চ্যানেলটোয়েন্টিফোর’র প্রতিনিধি সাদ্দাম হোসেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি শারমিন সুলতানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, আলু পেঁয়াজসহ নিত্যপণ্যের মুল্যবৃদ্ধিতে দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারসাজি ও সিন্ডিকেটকে দায়ী করে দ্রুতই এদের

বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবী জানান। সেই সাথে খোলা বাজারে ভোজ্য তেল বিক্রি আইনে নিষিদ্ধ হলেও তা অবাধে বিক্রি হচ্ছে যা দ্রুত বন্ধ করার দাবীও জানান।

এর আগে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালকের বরাবর স্মারকলিপি প্রদাণ করা হয়।

দর্শনায় আন্তঃনগর চিত্রা ডাউন সুন্দরবন আপ ট্রেনের যাত্রাবিরতির দাবীতে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা হল্ট ষ্টেশনের চিত্রা ডাউন সুন্দরবন আপ ট্রেনের যাত্রাবিরতি দর্শনা পুরাতন আন্তজার্তিক আন্তঃ নগর ২ টি সাবেক লোকাল ট্রেনের বরাদ্দ এবং খুলনা-দর্শনা ডাবল লাইন স্থাপনা সহ ৮ দফা দাবিতে মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা আন্তজার্তিক রেল ষ্টেশন চত্তরে দর্শনার জন্য আমরা ও দর্শনা প্রেসক্লাবের আয়োজনে এই মানববন্ধনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তারা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২১ দিনের আল্টিমেট একটি ঘোষণা করে। দাবী না মানলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনার জন্য আমরা সংগঠনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

বক্তব্য রাখেন, মুক্তিযোদ্ধা চলাকালীন দক্ষিন পশ্চিমা অঞ্চলের রনাঙ্গনে মুক্তিযোদ্ধাদের সংগঠক এ্যাডভোকেট কমরেড মোঃ শহিদুল ইসলাম, দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ মোঃ মোশারফ হোসেন, চুয়াডাঙ্গা জেলা কমিউনিস্ট পার্টির সভাপতি বীর মুক্তিযোদ্ধা

সৈয়দ মজনুর রহমান, দর্শনা জামায়েতের পৌর আমির সাহিকুল আলম অপু, দর্শনা গন উন্নয়ন গ্রন্থগারের পরিচালক কবি সাহিত্যিক মোঃ আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক, ওসমান আলী, দর্শনা পৌর ছাত্রদলের সহ-সভাপতি আমিনুল ইসলাম ওমিও, দর্শনা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ও জেলা কমিটির যুগ্ন আহবায়ক তানভীর আহম্মেদ অনিক, দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্রনেতা ইমরুল কায়েস, সাজ্জাদ হোসেন প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা ও উপস্থাপনা করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

মেহেরপুরে মানববন্ধন ও স্মারকলিপি পেশ

অতি মুনাফালোভী দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারণে পেঁয়াজ ও আলুর দর বৃদ্ধি এবং আইনে নিষিদ্ধ খোলা ভোজ্য তেল বিক্রির প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন করেছে কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

আজ সোমবার দুপুরে মেহেরপুর প্রেসক্লাবের সামনের সড়কে এই মানববন্ধন শেষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেওয়া হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ক্যাব মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম ও সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক সহ ক্যাব নেতৃবৃন্দ।

মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন ক্যাব সদস্য ও মেহেরপুর প্রেসক্লাব সাধারণ সম্পাদক ফজলুল হক, যুগ্ম সাধারণ সম্পাদক বেন ইয়ামিন মুক্ত, ক্যাব গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক মাহবুব আলম, প্রভাষক রফিকুল আলম বকুল ও ক্যাব সদস্য প্রদীপ ও দিলারা জাহান প্রমুখ।

পেঁয়াজ ও আলু এবং ভোজ্য তেল এর বিষয়ে ভোক্তা অধিকার রক্ষা করার

দাবি জানিয়ে মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর এই স্মারকলিপি দেওয়া হয়। প্রতিবাদী এই কর্মসূচিতে ক্যাব সদস্যরা ছাড়াও বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।

দর্শনায় ট্রেন থামনো ও ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানববন্ধন

দর্শনায় ট্রেন থামনো ও দর্শনা রেলওয়ে ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানব বন্ধন অনুষ্ঠিত হবে। আজ রবিবার সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবে মানব বন্ধনের প্রস্তুতি বিষয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের ও দর্শনার জন্য আমরা সংগঠনের আয়োজনে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন, বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

এসব দাবীর মধ্যে রয়েছে, দর্শনা হল্ট ষ্টেশনে ঢাকাগামী দুইটি ট্রেন আপ ও ডাউনে থামাতে হবে। দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশন থেকে একটি লোকাল ট্রেন ও একটি ইন্টার সিটি ট্রেন চালু করতে হবে।

এছাড়া দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশনে একটি কন্টিনিয়ার পোর্ট নিমার্ন করাসহ বেশ কিছু দাবী তুলে ধরা হবে মানব বন্ধনে। অনুষ্ঠানে বিভিন্ন দাবী নিয়ে আলোচনা করেন বীর মুক্তিযোদ্ধা বিল্লাল উদ্দীন, আব্দুল হানান, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক নাহারুল ইসলাম, দর্শনা পৌর আমির সাইকুল আলম অপু, বৈষম্য বিরোধী ছাত্র-জনতা আন্দোলনের সমন্বয়ক সোহানুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম,দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক জাহান আলী। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

ঝিনাইদহে বিদ্যালয়ের খেলার মাঠ দখলমুক্ত করার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুর অবৈধ দখল হওয়া খেলার মাঠ দখলমুক্ত করার দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ শুক্রবার সকালে উপজেলার এমকে এ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে স্থানীয় গ্রামবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। সেসময় বক্তৃতা করেন আব্দুর রশিদ, জাহাঙ্গীর প্রমূখ।

তাদের অভিযোগ, এমকেএ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ দখল করে স্থানীয় প্রভাবশালী আজিজ ও তার ভাই হান্নান ঘর নির্মাণ করছে। এছাড়াও প্রাচীর তৈরীর পায়তারা করছে। এতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা বন্ধ হয়ে যাচ্ছে। তাই তারা দ্রুত খেলার মাঠটি দখলমুক্ত করার দাবি জানান।

বিডিআর হত্যাকান্ডের বিচার ও চাকরী পুর্ন:বহালের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

২০০৯ সালে পিলখানায় বিডিআর হত্যাকান্ডের বিচার ও চাকুরীচ্যুতদের পুর্ন:বহালের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে শহরের পায়রা চত্তরে বিডিআর কল্যাণ পরিষদ ও জেলা

ক্ষতিগ্রস্থ বিডিআর সদস্যদের ব্যানারে এ কর্মসূচি পালিত হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে চাকুরীচ্যুত বিডিআর সদস্য ও তাদের পরিবারের লোকজন অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে বিএম কামরুজ্জামান, হাবিলদার আলিফ হোসেন, মনিরুল ইসলামসহ সংগঠনটির অন্যান্য সদস্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারী পিলখানায় সিমান্তরক্ষী বাহিনীর সদর দপ্তরে স্বৈরাচারী তৎকালীন শেখ হাসিনা সরকার পরিকল্পিতভাবে ৫৭ জন সেনা কর্মকর্তাসহ ৭৪ জনকে হত্যা করে। তাদের হত্যার পুন:বিচার ও সেসময়ে চাকুরীচ্যুত বিডিআর সদস্যদের চাকরী পূন:বহালের দাবি জানান।

মেহেরপুরে পিপির নিয়োগ প্রত্যাহারের দাবীতে মানববন্ধন

হোটেল আটলান্টিকার নারী কেলেঙ্কারির অভিযুক্ত আসামীকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর ও মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি পদ থেকে মোস্তাফিজুর রহমান তুহিনকে অপসারণের দাবীতে মেহেরপুরে মানবন্ধন করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখা।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসকের কাযার্লয় চত্তরে এ কর্মসূচী পালন করে তারা। তাকে প্রত্যাহার না করা হলে বৃহত্তর আন্দোলনের ঘোষনা দেন তারা।

মানবন্ধনে বক্তব্য রাখেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিক উল আলম ও সাধারণ সম্পাদক মোছাঃ দিলারা পারভীন।

এ সময় তারা বলেন, সামাজিক অবক্ষয় দিন দিন বেড়ে চলেছে। এমন এক ব্যক্তি, যিনি সামাজিক অবক্ষয় ও নারী কেলেঙ্কারির সঙ্গে সরাসরি

জড়িত এবং সেই মামলার এক নম্বর আসামি, তাকে কীভাবে একই আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে নিয়োগ দেওয়া হলো? এটি সত্যিই বিস্ময়কর ও প্রশ্নবিদ্ধ। একজন ব্যক্তি, যিনি নারী কেলেঙ্কারির মামলায় অভিযুক্ত এবং বিচারাধীন, তাকে এমন দায়িত্ব দেওয়া কীভাবে সম্ভব? সাধারণ জনগণ এ ধরনের সিদ্ধান্ত মেনে নিতে পারছে না এবং এতে ন্যায়বিচারের প্রতি আস্থা আরও দুর্বল হয়ে পড়ছে।

উল্লেখ্য, মোস্তাফিজুর রহমান তুহিন ওরফে তুহিন আরন্য একটি স্যাটেলাইট টেলিভিশনের স্টাফ রিপোর্টার হিসেবেও দায়িত্ব পালন করছেন। তার বিরুদ্ধে পর্নগ্রাফি ও চাঁদাবাজির অভিযোগে দুটি মামলা চলমান। এ মামলায় তিনি এক সপ্তাহ হাজত বাসও করেছেন। এনিয়ে বিভিণ্ণ গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয় ওই সময়ে।

কুষ্টিয়ায় পদ বঞ্চিত বিএনপি নেতাদের মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ

কুষ্টিয়া জেলা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটি বাতিল, ত্যাগী বঞ্চিত ও পরীক্ষিত নেতা-কর্মীদের সমন্বয়ে নতুন কমিটি গঠনের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন পদবঞ্চিতরা।

আজ রবিবার সকালে শহরের প্রধান সড়ক এনএস রোডের দুই পাশে অবস্থান নিয়ে এই মানববন্ধন কর্মসূচি পালন করেন বিক্ষুব্ধ নেতাকর্মীরা। পরে পাবলিক লাইব্রেরির মাঠে সমাবেশ করেন নেতাকর্মীরা।

এসময় নেতাকর্মীরা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটিকে অবৈধ আখ্যা দিয়ে স্লোগান দেন।

মানববন্ধন পরবর্তী সমাবেশে কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট শামীম উল হাসান অপু বলেন, কুষ্টিয়া জেলা বিএনপির নবগঠিত কমিটি বাতিল চেয়ে হাজার হাজার নেতাকর্মী আজকে আমাদের কর্মসূচিতে অংশ নিয়েছেন। তারা ইতোমধ্যেই স্লোগান

তুলেছেন, কুতুবউদ্দিন আহমেদ-জাকির হোসেন সরকারের নেতৃত্বাধীন মামা-ভাগনে পকেট কমিটি মানি না, মানবো না। যতক্ষণ পর্যন্ত এই কমিটি বাতিল করে, ত্যাগী বঞ্চিত, পরীক্ষিত নেতাকর্মীদের সমন্বয়ে কমিটি গঠন করা না হবে, ততক্ষণ পর্যন্ত আমাদের এই আন্দোলন সংগ্রাম চলবে। দু-একদিনের মধ্যেই নতুন কর্মসূচি দেওয়া হবে।

মানববন্ধনে এনএস রোডের দুই ধার দিয়ে হাজারো নেতাকর্মী ব্যানার নিয়ে অবস্থান নেন। এ সময় অনেকের হাতেই ছিল নতুন কমিটি বাতিলের দাবি সম্বলিত লিফলেট।

কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক কাজল মাজমাদার বলেন, কেন্দ্র দুইজনের কমিটি দিয়েছে, পরে সেই দুইজন যে ৩১ সদস্যের কমিটি দিয়েছে সেটা অবৈধ কমিটি, এই কমিটিতে ত্যাগীদের বঞ্চিত করা হয়েছে। কুষ্টিয়া জেলা বিএনপির নবগঠিত কমিটিতে বিতর্কিত অনেককেই স্থান পেয়েছেন বলে দাবি করেন বঞ্চিত এই নেতা।

তিনি বলেন, কমিটিতে যুগ্ম আহ্বায়ক যাদের করা হয়েছে, তাদের খোঁজখবর নেন। তাদের প্রত্যেকেরই কিছু নেগেটিভ বিষয় রয়েছে।

পরে পদবঞ্চিত নেতাকর্মীরা থানা মোড় থেকে একটি মিছিল নিয়ে এনএস রোড দিয়ে বড়বাজার যান। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক বাচ্চু, কুষ্টিয়া যুবদলের সাবেক সহ-সভাপতি মেজবাউর রহমান পিন্টু ও জেলা কৃষক দলের সাবেক আহ্বায়ক এসএম গোলাম কবির প্রমুখ।